

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।
www.nanl.gov.bd

স্মারক নম্বর- ৪৩.২৫.০০০০.০০২.১৬.০০৫.০৬./২২৬৮

তারিখ : ১৩ কার্তিক ১৪৩০ বঃ
২৯ অক্টোবর ২০২৩খ্রিঃ

বিষয়: সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কর্তৃক বাস্তবায়িত মেগাপ্রকল্প সংক্রান্ত নথিপত্র/প্রকাশনাসমূহ জাতীয় আরকাইভসে স্থায়ীভাবে সংরক্ষণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে মহোদয়ের সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, বাংলাদেশ জাতীয় আরকাইভস দেশের ইতিহাস, ঐতিহ্য ও সংস্কৃতির মূল্যবান উপকরণ ও তথ্য-উপাত্তের কেন্দ্রীয় সংরক্ষণাগার। বাংলাদেশ জাতীয় আরকাইভস আইন, ২০২১ এর ১০ ধারা অনুযায়ী বাংলাদেশ জাতীয় আরকাইভসে দেশের সরকারি, আধাসরকারি এবং স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানসমূহের ২৫ বছরের উর্ধ্বের স্থায়ী সংরক্ষণযোগ্য গুরুত্বপূর্ণ নথিপত্র/রেকর্ড, দুস্পাপ্য প্রকাশনা, দলিলপত্র, পাণ্ডুলিপি, চুক্তি, সমঝোতা স্মারক, কমিশন রিপোর্ট, ছবি, ভিডিও, ম্যাপ, পোস্টার ইত্যাদি সংগ্রহ করা হয়ে থাকে। একই সঙ্গে সংগৃহীত রেকর্ড বৈজ্ঞানিক উপায়ে নিরাপদ সংরক্ষণ, ব্যবস্থাপনা ও পরিচর্যা করে থাকে। এছাড়া জাতীয় আরকাইভসে সংগৃহীত রেকর্ড থেকে সরকারি প্রয়োজনে তথ্যসেবা প্রদান, দেশি-বিদেশি গবেষক, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, এম.ফিল, পিএইচ.ডি গবেষক, সাংবাদিকসহ বিভিন্ন পর্যায়ের গবেষকদের তথ্যসেবা প্রদান করে থাকে।

০২। দেশের উন্নয়ন ও জনগণের কল্যাণে বর্তমান সরকারের সময়ে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কর্তৃক বাস্তবায়িত মেগা প্রকল্প সংক্রান্ত বিভিন্ন তথ্য-উপাত্ত, প্রকাশনা এবং নথিপত্র ভবিষ্যৎ প্রজন্মের গবেষণার জন্য সংরক্ষণ করা একান্ত অপরিহার্য। তাছাড়া বর্তমান সরকারের বিভিন্ন উন্নয়ন কার্যক্রম সম্পর্কে জনগণকে অবহিত করা এবং ভবিষ্যতে দেশের সঠিক ইতিহাস বিনির্মাণে এসব তথ্য-উপাত্ত কার্যকরী ভূমিকা রাখবে মর্মে নিম্নস্বাক্ষরকারী মনে করেন। ফলে সরকারের সকল মেগা প্রকল্পের নথিপত্র ও প্রকাশনা গবেষক এবং ভবিষ্যত প্রজন্মের জন্য বাংলাদেশ জাতীয় আরকাইভসে স্থায়ীভাবে সংরক্ষণ করা আবশ্যিক।

০৩। সর্বোপরি মেগা প্রকল্পগুলোর তথ্যাদি, নথিপত্র ও প্রকাশনা বাংলাদেশ জাতীয় আরকাইভসে বৈজ্ঞানিক উপায়ে সংরক্ষণ করা হলে দেশ ও জাতির ইতিহাস ও ঐতিহ্য সংরক্ষিত হবে এবং দেশি-বিদেশি গবেষকগণ তাদের জ্ঞান চর্চার তথ্য-উপাত্ত হিসেবে ব্যবহার করতে পারবেন। একই সঙ্গে সরকারের কেন্দ্রীয় সংরক্ষণাগার হিসেবে বাংলাদেশ জাতীয় আরকাইভসও সমৃদ্ধ হবে।

প্রশাসন অধিশাখা	
কাউন্সিল অফিসার	বর্ণিতাবস্থায়, জাতীয় সম্পদ রক্ষার্থে দেশ ও জাতির বৃহত্তর স্বার্থে বাংলাদেশ জাতীয় আরকাইভস আইন, ২০২১ এর ১০ ধারা
প্রশাসন শাখা	সংশ্লিষ্ট মেগা প্রকল্পগুলোর উপর প্রকাশিত প্রকাশনা, ছবি, ভিডিও এবং নথিপত্রগুলো স্থায়ীভাবে সংরক্ষণের লক্ষ্যে বাংলাদেশ জাতীয়
বিআরটিসি শাখা	আরকাইভসে প্রেরণের সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহোদয়কে সনির্বন্ধ অনুরোধ করা হলো।
তদন্ত ও শৃঙ্খলা শাখা	
ডায়েরী নং	৪১৬
তারিখ:	০৫/১০/২৩
স্বাক্ষর	

সচিবের দপ্তর	
অতিরিক্ত সচিব অনুবিভাগ	
প্রশাসন অনুবিভাগ	
উন্নয়ন অনুবিভাগ	
এসেট অনুবিভাগ	
মার্কিট অনুবিভাগ	
পরিবহন অনুবিভাগ	
আরবান ট্রান্সপোর্ট অনুবিভাগ	
আইন অনুবিভাগ	
একান্ত সচিব	
ডায়েরী নম্বর :	৫০২
তারিখ :	০২ NOV 2023
স্বাক্ষর	

২৯/১০/২৩
২৬
ডে. খান মোঃ নুরুল আমিন
মহাপরিচালক
(অতি. সচিব)
ফোন : +৮৮-০২-২২২২১৮৩৪৬
ইমেইল : dg@nanl.gov.bd

সচিব
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে) :-

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।

প্রশাসন শাখা
ডায়েরী নম্বর: ২৫৬
তারিখ: ২০-১১-২০২৩

প্রশাসন অনুবিভাগ
প্রশাসন অধিশাখা
প্রশাসন শাখা
বিআরটিসি শাখা
তদন্ত ও শৃঙ্খলা শাখা
কাউন্সিল অফিসার
আরকাইভস ইউনিট
ডায়েরী নম্বর: ২৭৬
তারিখ: ০৫/১০/২৩
স্বাক্ষর: